

ঝালকাঠি মহিলা কলেজে ১৯ শিক্ষকের পদ শূন্য

ঝালকাঠি প্রতিনিবি •

শিক্ষকসংকেটে ঝালকাঠি জেলার একমাত্র সরকারি মহিলা কলেজে শিক্ষাকার্যক্রম মাসোচাকতাবে ব্যাহত হচ্ছে। বর্তমানে কলেজে ২১টি বিষয়ের জন্য শিক্ষকের পদ রয়েছে ৫২টি। খালি পদের সংখ্যা ১৯। এর মধ্যে স্নাত্ত্বিকজ্ঞান, সমাজকল্যাণ, ব্যবস্থাপনা ও মার্কেটিং বিষয়ে কোনো শিক্ষকই নেই।

১৯৮১ সালে ঝালকাঠি জেলা প্রশাসন কার্যালয়ের কাছে ৩ দর্পনিক ৩৮ একর জমির ওপর কলেজটি প্রতিষ্ঠিত হয়। ১৯৯৭ সালে এটি সরকারি করণ করা হয়। এরপর সরকারী অধ্যাপকের পদ সৃষ্টি করা হলেও এই পদগুলো পূরণ করা হয়নি। বর্তমানে কলেজের অর্থনীতি, ইসলাম শিক্ষা, ইসলামের ইতিহাস, ইংরেজি, হিসাববিজ্ঞান, গণিত, বাংলা, জুগাল-বন্দান, সমাজকল্যাণ ও দর্পন বিভাগে শিক্ষকের একটি করে পদ পূর্ণ রয়েছে। এ ছাড়া ব্যবস্থাপনা, মার্কেটিং, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগে শিক্ষকের দুটি করে পদ পূর্ণ রয়েছে।

কলেজের প্রধান সহকারী জায়েদা বেগম জানান, হাইব্রেরিয়ানের পদটি পূর্ণ রয়েছে পদ সৃষ্টির পর থেকেই। তিনজন নৈপপ্রহরী প্রয়োজন হলেও আছে মাত্র একজন। এ ছাড়া দিনের বেলা দায়িত্ব পালনের জন্য কোনো প্রহরী নেই।

কলেজের উপাধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন জানান, স্নাত্ত্বিকজ্ঞান, সমাজকল্যাণ, ব্যবস্থাপনা ও মার্কেটিং বিভাগে সৃষ্ট পদে কোনো শিক্ষক নেই। বর্তমান শিক্ষক নিয়ে ক্লাস নেওয়া হচ্ছে। তিনি আরও জানান, বর্তমানে কলেজে এক হাজার ২৫০ জন ছাত্রী অধ্যয়ন করলেও মাত্র ৫০ শিটের একটি ছাত্রীনিবাস রয়েছে। রয়েছে শ্রেণীকক্ষের সংকট।

কলেজের বিভিন্ন সমস্যার কথা স্বীকার করে কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. সিদ্দিকুর রহমান জানান, প্রতিমাসে শিক্ষা মন্ত্রণালয়ে শূন্য পদ পূরণের জন্য চিঠি দেওয়া হচ্ছে। কলেজের পূর্ব ও উত্তর দিকে নিরাপত্তাপ্রাচীর না থাকায় আর্থনিক ছাত্রীদের নিরাপত্তা নিয়ে চিন্তায় থাকতে হয়।